# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**প্রশ্ন-১.** সুচিত্রা টেকনাফের মেয়ে আর তার স্বামী তেঁতুলিয়ার। পারিবারিক, সামাজিক ও ধর্মীয় সকল বিধি-বিধান মেনে সম্প্রতি তাদের বিয়ে হয়েছে। সুচিত্রার বাবা ভৌরব দাস সৎপাত্রেই তার কন্যা সম্প্রদান করেছেন। তাইতো তেঁতুলিয়ার প্রত্যন্ত একটি গ্রামের কুঁড়েঘরে থেকেই সুচিত্রার দাম্পত্য জীবন আজ মধুময়। হিন্দুশাস্ত্র অনুসারে বিবাহের মতো মাঙ্গালিক অনুষ্ঠানের গুরুত্ব অপরিসীম।

ক. দত্তাত্রেয় মুনির পুত্রের নাম কী? ১

খ. সম্প্রদান বলতে কী বোঝ? ২

গ. ভৌরব দসের মতো একজন পিতা কীভাবে তার মেয়েকে সম্প্রদান করবে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. হিন্দুশাস্ত্র অনুসারে বিবাহের মতো মাঙ্গালিক অনুষ্ঠানের গুরুত্ব অপরিসীম— উদ্দীপকের এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-২.** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিশ্ব ধর্মতত্ত্ব বিভাগ বিভিন্ন ধর্মের ওপর একটি আলোচনা সভার আয়োজন করে। ড. অচিন্ত্য কুমার দেবনাথ তার আলোচনায় হিন্দুধর্মের একটি তত্ত্ব নিয়ে আলোচনা প্রসঙ্গে বলেন, ব্রহ্ম বা ঈশ্বর এক ও অদ্বিতীয়। অবতার ও দেব-দেবী একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ।

ক. ঈশ্বর যখন কোনো গুণ বা শক্তিকে তাঁর আকার দেন তাকে কী বলে? ১

খ. ভক্তি বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে ড. অচিন্ত্য কুমার হিন্দুধর্মের কোন তত্ত্বের কথা বলেছেন? পাঠ্যবইয়ের আলোকে উক্ত তত্ত্বটি ব্যাখ্যা কর। ৩

ঘ. অবতার ও দেব-দেবী একই ঈশ্বরের বিভিন্ন প্রকাশ- উদ্দীপকের এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-৩.** মৌ বাড়িতে আজ একা। ফাল্গুনী পূর্ণিমার দিন রাধা গোবিন্দ মন্দিরে পূজা দিতে গেছে তার মা। হঠাৎ তাদের বাড়িতে ঢাকঢোল বাজিয়ে রাধা-কৃষ্ণের

https://teachingbd24.com

দোল নিয়ে একদল ছেলে-মেয়ে উপস্থিত। মৌ যখন সেখানে প্রণাম করতে গেলো তখন কিছু ছেলে-মেয়ে বিভিন্ন রঙে তার শরীর রাঙিয়ে দিল। মৌ কান্নাকাটি শুরু করলো। মৌ-এর মা বাড়িতে এসে এ দৃশ্য দেখে মৌকে বলল, এ দিন শুভ দিন। এ দিনে শত্রু-মিত্র সবাই মিলে রঙের খেলায় মত্ত হয়ে বিভেদ ভুলে যেতে হয়।

ক. রথ কী? ১

খ. নামযজ্ঞ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন ধর্মানুষ্ঠানের কথা বলা হয়েছে? উক্ত অনুষ্ঠানটি ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত অনুষ্ঠানের সাথে রথযাত্রার মিল রয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৪.** টাঙ্গাইল জেলার মির্জাপুর এলাকার এক ধনাঢ্য ব্যক্তির নাম আরপি সাহা। ছোটবেলা থেকেই ধর্মপালনে ছিলেন মনোযোগী। তিনি মানুষের সেবা করেন, বিভিন্ন জীবের সেবা তথা যত্ন করে স্বর্গে গমন করতে চেয়েছিলেন। তিনি এই নিরিখে গড়ে তুলেছিলেন দাতব্য চিকিৎসাকেন্দ্র, নানা ঔষধি গাছ-গাছালিতে ভরা বাগান ও বিভিন্ন পশু পালন খামার। তিনি বইপুস্তক পড়ে জানতে পেরেছিলেন প্রাণিকুলের মধ্যে তার সৃষ্টিকর্তা বিরাজমান এবং এদের সেবা করা মানে সৃষ্টিকর্তার সেবা করা।

ক. অশ্বত্থ বৃক্ষের মধ্যে কে বিরাজ করে? ১

খ. 'আত্মার জন্ম নেই, মৃত্যু নেই'– ব্যাখ্যা কর। ২

গ. আরপি সাহার কর্মকাণ্ডে পাঠ্যপুস্তকের যে বিষয়টির প্রতিচ্ছবি প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর আরপি সাহার মতো কর্মকাণ্ড করে পৃথিবীর সকলেই স্রষ্টার সেবা করতে পারে? পাঠ্যপুস্তকের আলোকে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৫.** রুদ্র তার বাবার মৃতদেহ আত্মীয়-স্বজন ও পাড়া প্রতিবেশীদের নিয়ে সৎকার সম্পন্ন করল। অশৌচের যাবতীয় নিয়ম অনুসরণ করলেও সে অর্থাভাবে সাড়ম্বরে শ্রাদ্ধানুষ্ঠান সম্পন্ন করতে পারেনি। তারপরেও সে সাধ্যমতো চেষ্টা করেছে। বিশেষ করে শ্রদ্ধাভরে সবকিছু করেছে।

ক. দ্বিরাগমন কীসের নাম? ১

খ. অন্ত্যেষ্টিক্রিয়া বলতে কী বোঝ? ২

গ. রুদ্র কীভাবে অশৌচ পালন করেছিল? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে করো রুদ্রের বাবার শ্রাদ্ধানুষ্ঠান শাস্ত্রমতে সম্পন্ন হয়েছিল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

**প্রশ্ন-৬.** প্রকাশ মল্লিক এমন একজন দেবীর সাধনা করেন তার বিভিন্ন নাম রয়েছে। কেউ তাকে বলে শ্যামা, কেউ আদ্য মায়া, কেউ আবার বলে চামুণ্ডা। প্রকৃতিসব দিক থেকে তিনি অত্যন্ত আগ্রাসী ভয়ঙ্কররূপী দেবী। তাকে শত্রুধ্বংস ও ন্যায্যতা প্রতিষ্ঠার দেবী বলা হয়।

ক. দুর্গা শব্দটির অর্থ কী? ১
খ. শীতলা দেবী কে ছিলেন? ২
গ. উদ্দীপকে যে দেবীর ইঙ্গিত দেওয়া হয়েছে এ দেবী-পূজায় সময়কাল ব্যাখ্যা কর। ৩
ঘ. আর্থ-সামাজিক, পারিবারিক ও নৈতিক জীবনে উক্ত পূজার প্রভাব বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৭.** পারমিতা ধর্ম ক্লাসে যোগ সাধন সম্পর্কে শিক্ষকের আলোচনা মনোযোগ দিয়ে শ্রবণ করে এবং যোগাসন অনুশীলনে উদ্বুদ্ধ হয়। সে নিয়মিত একটি আসন অনুশীলন করে। প্রথমে সে দুই পা জোড়া করে সোজা হয়ে দাঁড়ায়। তারপর শুধু বাঁ পায়ে দাঁড়িয়ে হাতের তালু দুটি জোড়া রেখে হাত দুটি মাথার উপর নিয়ে যায়। এরপর শবাসনে বিশ্রাম নেয়। এ আসন অনুশীলনে সে অনেক সুফলও পাচ্ছে।

ক. অষ্টাঙ্গযোগের প্রথম ধাপ কী? ১
খ. যোগ সাধনা কেন গুরুত্বপূর্ণ? ২
গ. পারমিতা কোন আসন নিয়মিত অনুশীলন করে? উক্ত আসনের অনুশীলন পদ্ধতি ধারাবাহিকভাবে লেখ। ৩
ঘ. পারমিতার অনুশীলনকৃত আসনটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-৮.** শৈশবকাল থেকেই মঞ্জুর-এর মধ্যে আধ্যাত্মিক ভাব জেগে ওঠে। তার বয়স যখন চার, তখন তিনি মাঝে মধ্যে ধ্যানমগ্ন হয়ে পড়তেন। পাঁচজন শিশুর মতো শৈশবেই তার প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা হয়। কিন্তু পড়াশোনার প্রতি তার কোনো আসক্তি ছিল না। তিনি শুধু ঈশ্বর চিন্তা করতেন। আধ্যাত্মিক চিন্তা ভাবনায় মগ্ন থাকতেন। ভারতীয় দর্শন ও ধর্মতত্ত্ব অধ্যয়ন করে তিনি মুগ্ধ হন। তাই তিনি সুদূর প্যারিস ছেড়ে ভারতে চলে আসেন।

ক. শ্রীমার জীবনাবসানের তারিখ কত? ১
খ. শ্রীমার শৈশবকাল বর্ণনা কর। ২
গ. তোমার পাঠ্যবইয়ের কোন মহীয়সী নারীর সাথে মঞ্জুর মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত মহীয়সী নারী ছিলেন বহুমুখী প্রতিভার অধিকারী—এ বক্তব্যের সাথে তুমি কী একমত? উত্তরের সপক্ষে মতামত দাও। ৪

https://teachingbd24.com

**প্রশ্ন-৯.** নিবেদিতা দত্ত তার পুত্র অনুপকে দেশ আর দেশের মানুষের মঙ্গলের জন্য যেকোনো ধরনের ত্যাগে উৎসাহিত করেন। এই লক্ষ্যে প্রায়ই মা তাকে যুদ্ধ, অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম ইত্যাদির নানা কাহিনী শুনিয়ে থাকেন। এইরূপ কাহিনীর মধ্যে অনুপ একটি কাহিনী বহুদিন যাবৎ লালন করছে যা হলো "পিতার মতো কোনো এক ধার্মিক বালক নিজ দেশের বীরদের আত্মত্যাগের প্রতিশোধ নিতে গিয়ে প্রতিপক্ষের বাণের আঘাতে প্রাণ হারালেন।" দিব্য দেহ ধারণ করা ঐ ধার্মিক বালক অনুপকে দেশের জন্য ত্যাগের পথে মানসিক শক্তি যুগিয়ে যাচ্ছে প্রতিনিয়ত।

ক. কৈকেয়ীর পুত্র কে? ১

খ. রাবণ কে ছিলেন? ২

গ. উদ্দীপকে পাঠ্যবইয়ের যে ধারণার প্রতিফলন ঘটেছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. 'অনুপ সৎসাহসী বালক তরণীসেনের কাহিনী নিজের মধ্যে লালন করছে- বিশ্লেষণ কর। ৪

**প্রশ্ন-১০.** মৌ নবম শ্রেণিতে পড়াশুনা করে। সে প্রায় তার স্কুল থেকে সহপাঠীদের খাতা, কলম, টাকা ইত্যাদি চুরি করতো। কেউ কিছু বললে সে তা গ্রাহ্য করত না। বরং সে তাদেরকে বলতো, তার মনে যেটা ধারণ করে সেটাই ধর্ম। একদিন তার ধর্ম শিক্ষক স্বপন হালদার তাকে ডেকে ধর্ম ও অধর্মের ফলাফল সম্পর্কে বোঝালেন। তিনি আরও বললেন, ধার্মিক ধর্মের দ্বারাই জয়ী হয়।

ক. কে ধীশক্তিসম্পন্ন? ১

খ. ধার্মিক ব্যক্তি কেমন হয়? ২

গ. মৌ-এর জীবনযাপনের আলোকে ধার্মিক ও অধার্মিকের পার্থক্য নিরূপণ কর। ৩

ঘ. ধার্মিক ধর্মের দ্বারাই জয়ী হয়, পাঠ্যবইয়ের আলোকে এ উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন-১১.** অনুপ প্রগতি মাধ্যমিক বিদ্যাপীঠে নবম শ্রেণিতে পড়ে। প্রতিদিন সে বাড়িতে বসে ধর্মগ্রন্থ পাঠ করে। এটা যেনো তার নিত্যদিনের কাজ। ধর্মগ্রন্থ পাঠে উদ্বুদ্ধ হয়ে সে এলাকায় একটি মানবসেবা কেন্দ্র খুলেছে। এখানে গরিব দুঃখী মানুষের সেবা করা হয়। অনুপের এ সেবামূলক কাজ দেখে এলাকাবাসী তাকে এলাকার শ্রেষ্ঠ সমাজসেবী হিসেবে অভিহিত করেছেন।

ক. ধৃ ধাতুর অর্থ কী? ১

খ. আরুণি কে ছিলেন? ২

গ. অনুপকে অনুসরণ করে তুমি কীভাবে এলাকাবাসীর সেবা ও জনহিতকর কাজে নিজেকে উদ্বুদ্ধ করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, ধর্মগ্রন্থ পাঠ অনুপের জীবনে প্রভাব ফেলেছে? মতামত দাও। ৪

Teachingbd24.com

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : ১ ১ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ব্রহ্ম শব্দের অর্থ কী?**
ক সর্ববৃহৎ
খ সর্বব্যাপী
গ সর্বোৎকৃষ্ট
ঘ সর্বজ্ঞানী

**২. জীবদেহের ভেতর যে জীবন আছে তা কীসের অংশ?**
ক জীবাত্মার
খ অন্তরাত্মার
গ দেব-দেবীর
ঘ পরমাত্মার

**৩. হিন্দুধর্মে অতিথিকে কী বলা হয়?**
ক কার্তিক  খ নারায়ণ
গ শিব  ঘ দুর্গা

**৪. মানবজীবনের শ্রেষ্ঠ উদ্দেশ্য কী?**
ক পুণ্য অর্জন
খ অর্থলাভ
গ কর্ম-সংঘটন
ঘ ঈশ্বরলাভ

**৫. জীব ঈশ্বর লাভ করবে কীভাবে?**
ক সকাম কর্মে
খ ভাববাদে
গ সংসার পালনে
ঘ নিষ্কাম কর্মে

**৬. অবতারের উদ্দেশ্য হলো—**
i. ঈশ্বরের মহিমা প্রকাশ
ii. ধর্ম সংস্থাপন
iii. দুষ্কৃতিকারীদের বিনাশ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৭. সাধনার প্রথম মার্গ কোনটি?**
ক জ্ঞানযোগ
খ কর্মযোগ
গ ভক্তিযোগ
ঘ হঠযোগ

**৮. নিচের কোনটি ঋতুভিত্তিক অনুষ্ঠান?**
ক বর্ষবরণ
খ ভ্রাতৃদ্বিতীয়া
গ দীপাবলি
ঘ নবান্ন

**৯. পৌষ সংক্রান্তিতে হিন্দুরা কাদের উদ্দেশ্যে অর্পণ করে থাকেন?**
ক পিতৃপুরুষের
খ দেব-দেবীর
গ অবতারদের
ঘ ধর্মগুরুদের

**১০. ইষ্টি শব্দের অর্থ কী?**
ক শেষ  খ আহুতি
গ যজ্ঞ  ঘ অগ্নি

**১১. বর-কনেকে গায়ে হলুদ দেওয়া হয় কেন?**
ক সৌভাগ্যের প্রতীক বলে
খ হলুদ স্বাস্থ্যকর বলে
গ সুন্দর করার জন্য
ঘ গাত্রবর্ণ হলুদ করার জন্য

**১২. বর্ণ বিভাজন হয় কীভাবে?**
ক রূপভেদে
খ কর্মভেদে
গ ঐশ্বর্যভেদে
ঘ জন্মভেদে

**১৩. হিত শব্দের অর্থ কী?**
ক শ্রদ্ধা
খ আশীষ
গ নিবেদন
ঘ মঙ্গল

**১৪. আদ্যাশক্তি মহামায়ার অংশবিশেষ হলো—**
ক যুবতী  খ পুরুষ
গ নারী  ঘ যুবক

**১৫. কোন তিথিতে শীতলা দেবীর পূজা করা হয়?**
ক পঞ্চমী  খ ষষ্ঠী
গ সপ্তমী  ঘ অষ্টমী

Teachingbd24.com

১৬. যোগসাধনার সর্বোচ্চ স্তর কোনটি?
ক ধ্যান　　খ সমাধি
গ যম　　ঘ আসন

১৭. 'হল' শব্দের অর্থ কী?
ক লাঙ্গল　　খ বৃক্ষ
গ মাছ　　ঘ পাখি

১৮. সাধনার আগে অভ্যাস করতে হবে—
i. ধ্যান
ii. নিয়মানুবর্তিতা
iii. প্রাণায়াম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

১৯. বাংলায় মহাভারত রচনা করেন কে?
ক বাল্মিকী মুনি
খ কৃত্তিবাস
গ কাশীরাম দাশ
ঘ কৃষ্ণদ্বৈপায়ন

২০. ধর্মের ব্যাহ্য লক্ষণ কয়টি?
ক ৫　　খ ১০
গ ১৫　　ঘ ২০

২১. আরুণি ঋষির পুত্রের নাম কী?
ক ধ্রুব　　খ তরুনি
গ একলব্য　　ঘ শ্বেতকেতু

২২. মহত্বের উৎস কী?
ক মানসিকতা　　খ জ্ঞান
গ সম্পদ　　ঘ মানবতা

২৩. 'মানুষ' শব্দের প্রত্যয় কী?
ক মান + ষ্ণ
খ মন + ষ্ণ
গ মানু + ষ্ণ
ঘ মনু + ষ্ণ

২৪. রন্তিবর্মা কার ভক্ত ছিলেন?
ক বিষ্ণু　　খ কৃষ্ণ
গ শিব　　ঘ রাম

নিচের উদ্দীপকটি পড় এবং ২৫-২৬নং প্রশ্নের উত্তর দাও:

গৌরব তার বন্ধু আয়নের বাড়িতে বেড়াতে গিয়ে দেখল, ঘরের দরজায় লেখা আছে, "রেগে গেলেন তো হেরে গেলেন।" এছাড়াও বাড়ির সবাই সবাইকে শ্রদ্ধা করে। নিজের মত অন্যের ওপর চাপিয়ে দেয় না, লোভ দমন এবং আত্মসংযমের শিক্ষাও দেওয়া হয়।

২৫. বন্ধুর বাড়ি বেড়াতে গিয়ে গৌরব কী শিক্ষা লাভ করেছে?
ক পরমতসহিষ্ণুতা
খ অসহিষ্ণুতা
গ জ্ঞানার্জনের শিক্ষা
ঘ স্নেহমমতা

২৬. উক্ত শিক্ষার মাধ্যমে গঠিত হয়—
i. আদর্শ পরিবার
ii. উত্তম পরিবার
iii. ধার্মিক পরিবার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

২৭. চরকসংহিতা গ্রন্থটির কতটি ভাগ?
ক ৭　　খ ৮
গ ১০　　ঘ ১৩

২৮. স্বামী বিবেকানন্দের পিতার পেশা কী ছিল?
ক ডাক্তার　　খ শিক্ষক
গ সম্পাদক　　ঘ উকিল

২৯. বিজয়কৃষ্ণ কোন সালে জন্মগ্রহণ করেন?
ক বাংলা ১২৫০
খ বাংলা ১২৪৮
গ বাংলা ১২৩২　　ঘ বাংলা ১২২২

৩০. শ্রীরামকৃষ্ণ নরেন্দ্রকে কী মন্ত্রে দীক্ষা দেন?
ক কৃষ্ণমন্ত্রে
খ বৈষ্ণবমন্ত্রে
গ শাক্তমন্ত্রে
ঘ ত্যাগের মন্ত্রে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com